

## জেলা

ময়নাতদন্ত প্রতিবেদন

## ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাজিদকে শ্বাসরোধে হত্যা করা হয়

নিজস্ব প্রতিবেদক কুষ্টিয়া

প্রকাশ: ০৩ আগস্ট ২০২৫, ২২: ৩২



সাজিদ আবদুল্লাহ ছবি: সংগৃহীত

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাজিদ আবদুল্লাহকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছিল। ময়নাতদন্ত প্রতিবেদনে চিকিৎসকেরা এ কথা জানিয়েছেন।

ময়নাতদন্ত প্রতিবেদনে স্বাক্ষরকারী নাম প্রকাশে অনিচ্ছুক একজন চিকিৎসক আজ রোববার রাতে প্রথম আলোকে এই তথ্য নিশ্চিত করেছেন। ওই চিকিৎসক বলেন, ‘সাজিদের শ্বাসরোধ করা হয়েছিল। এটি একটি হত্যা।’

সাজিদ আবদুল্লাহ বিশ্ববিদ্যালয়ের আল-কোরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ছিলেন। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের শাহ আজিজুর রহমান

হলের সামনের পুকুর থেকে তাঁর ভাসমান লাশ উদ্ধার করে পুলিশ। ওই সময় তাঁর পরিবার ও সহপাঠীরা অভিযোগ করেছিলেন, সাজিদকে হত্যা করা হয়েছে।

গত ২৭ জুলাই ভিসেরা প্রতিবেদন স্বাক্ষর হবার পর তা কুষ্টিয়া জেনারেল হাসপাতালের চিকিৎসকদের কাছে আসে। সেই প্রতিবেদন দেখে গত ৩১ জুলাই চিকিৎসকেরা ময়নাতদন্তের চূড়ান্ত প্রতিবেদন জমা দেন।